Ref: **SEC/SE/38/2026-27** | **Date: 8th August 2026**

| The Manager- Listing | The Manager – Listing |
|---|---|
| **The National Stock Exchange of India Limited**<br>"Exchange Plaza", Bandra – Kurla Complex, Bandra (EAST), Mumbai – 400051 | **BSE Limited**<br>Corporate Relationship Department<br>Phiroze Jeejeebhoy Towers,<br>Dalal Street, Mumbai – 400001 |
| **NSE SYMBOL: SENCO** | **BSE SCRIP CODE: 543936** |

Dear Sir(s) / Madam(s),

**Sub: Intimation under Regulation 30 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements), Regulations, 2015 – Newspaper Publication**

Pursuant to Regulation 30 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, we are enclosing herewith the copies of newspaper publication regarding the notice of 32nd Annual General Meeting of the Company scheduled to be held on Monday, 31st August 2026 at 11:30 a.m. (IST) at G. D. Birla Sabhagar, 29, Ashutosh Choudhury Avenue, Kolkata – 700019 along with the record date and e-voting information, published in the following newspapers:

1. Financial Express (English) (All India Circulation)
2. Dainik - Statesman (Bengali Daily)

The above information is also available on the website of the Company.

We request you to take the above on record.

Yours sincerely,

**For SENCO GOLD LIMITED**

Mukund Chandak Digitally signed by Mukund Chandak Date: 2026.08.08 12:44:01 +05'30'

**Mukund Chandak**
**Company Secretary & Compliance Officer**
**Membership No. A20051**

**Encl: As above**

# মানুষ পরিবর্তন অনুভব করলে তবেই তার মূল্যায়ন হবে: কার্তিক মহারাজ

অমৃতা ঘোষ



রাজনৈতিক পটপরিবর্তন হয়েছে ঠিকই, কিন্তু বাস্তবে মানুষ কতটা প্রশাসনিক পরিবর্তন দেখতে পাচ্ছেন? এই প্রসঙ্গে দৈনিক স্টেটসম্যান-এর সঙ্গে কথা বলেন ভারত সেবাশ্রম সংঘের গভর্নিং বডির অন্যতম সদস্য কার্তিক মহারাজ।

তিনি বলেন, 'মাননীয় মুখ্যমন্ত্রী বেশ কিছু সিদ্ধান্ত নিয়েছেন, যা পশ্চিমবঙ্গবাসীর উপকারে আসবে। তবে বিগত কয়েক বছরে আমরা এত দুর্নীতি ও অবক্ষয় দেখেছি যে প্রকৃত পরিবর্তন অনুভব করতে এখনও কিছুটা সময় লাগবে। মানুষ যখন সেই পরিবর্তন বাস্তবে অনুভব করবেন, তখনই তার প্রকৃত মূল্যায়ন করা যাবে।'

সনাতন ধর্ম প্রসঙ্গে কার্তিক মহারাজ বলেন, 'বিশ্বের আদি ধর্ম সনাতন ধর্ম। এই ধর্ম বিশ্বের সকল মানুষের কল্যাণ সাধন করতে পারে। আমরা আশা করি, বর্তমান সরকার সনাতন ধর্মকে বিশ্বের দরবারে আরও মর্যাদার সঙ্গে তুলে ধরতে উদ্যোগী হবে।'

তিনি জানান, ইতিমধ্যেই শিক্ষাবিদ, ইতিহাসবিদ এবং ভারতীয় সংস্কৃতি ও সভ্যতা নিয়ে গবেষকদের নিয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। সেই কমিটির সদস্য তিনিও। কলকাতার বিভিন্ন রাস্তার নাম পরিবর্তনের প্রস্তাবও বিবেচনাধীন রয়েছে।

কার্তিক মহারাজ বলেন, 'কোন কোন রাস্তার নাম পরিবর্তন হওয়া উচিত, আমরা বৈঠক করে সেই বিষয়ে সর্বসম্মত একটি তালিকা তৈরি করব। সেই তালিকা সরকারের কাছে পাঠানো হবে এবং পরে তা মন্ত্রিসভার অনুমোদনের জন্য বিবেচিত হবে।'

তিনি আরও বলেন, 'রাস্তার নামের পরিবর্তন অবশ্যই হবে। এতদিন আমরা পরাধীনতার ইতিহাস বহন করেছি। এবার যাঁদের অবদান ভারতকে স্বাধীনতার পথে এগিয়ে দিয়েছে, অথচ ইতিহাস তাঁদের যথাযথ মর্যাদা দেয়নি, তাঁদের নামে রাস্তার নামকরণ হওয়া উচিত। প্রফুল্ল চাকী, উল্লাসকর দত্ত, রাজশেখর বসুর মতো ব্যক্তিত্বের অবদান অনস্বীকার্য।'

প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর নামে রাস্তার নামকরণের সম্ভাবনা নিয়ে প্রশ্ন করা হলে তিনি বলেন, 'এ বিষয়ে এখনও কোনও সিদ্ধান্ত নেওয়া হয়নি।'

লক্ষ কণ্ঠে গীতা পাঠের উদ্যোগ প্রসঙ্গে কার্তিক মহারাজ জানান, চলতি বছরের ২৯ ডিসেম্বর এই কর্মসূচি আয়োজনের প্রাথমিক পরিকল্পনা রয়েছে। তবে এখনই তা চূড়ান্ত বলে বলা যাচ্ছে না। আজ প্রাথমিক আলোচনা হয়েছে। রাজনৈতিক ব্যক্তিত্ব, সাধু-সন্ন্যাসী-সহ বিভিন্ন স্তরের মানুষকে এই অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো হবে।

তিনি বলেন, 'পূর্ববর্তী সরকারের আমলে এই উদ্যোগকে কেন্দ্র করে রাজনীতিকরণের অভিযোগ উঠেছিল। কিন্তু আমাদের উদ্দেশ্য কখনও রাজনৈতিক ছিল না। গীতা পাঠের মাধ্যমে সনাতন ধর্ম ও ধর্মীয় মূল্যবোধের প্রতি মানুষের আগ্রহ বাড়ানোর চেষ্টা আমরা আগেও করেছি, এবারও সেই প্রচেষ্টা অব্যাহত থাকবে।'

# দুর্গাপুজোর আগেই শিক্ষিত বেকারদের মাসে ৩ হাজার টাকা

**নিজস্ব প্রতিনিধি—** রাজ্যের কর্মহীন যুবক-যুবতীদের জন্য ঘোষিত 'যুবশক্তি' প্রকল্প বাস্তবায়নের প্রক্রিয়া এগোচ্ছে জোরকদমে। প্রশাসনিক সূত্রের খবর, সব কিছু পরিকল্পনা অনুযায়ী চললে দুর্গাপুজোর আগেই প্রকল্পের অনলাইন পোর্টাল চালু হতে পারে। পোর্টাল চালু হওয়ার সঙ্গে সঙ্গেই আবেদন গ্রহণের পাশাপাশি যোগ্য আবেদনকারীদের তথ্য যাচাইয়ের প্রক্রিয়াও শুরু হবে। ফলে দীর্ঘদিন ধরে আর্থিক সহায়তার অপেক্ষায় থাকা বহু শিক্ষিত বেকার যুবক-যুবতীর মধ্যে আশার সঞ্চার হয়েছে।

সরকারি পরিকল্পনা অনুযায়ী, আগে চালু থাকা যুবশ্রী ও যুবসাথী প্রকল্পকে নতুন কাঠামোয় একত্রিত করে 'যুবশক্তি' প্রকল্প চালু করা হচ্ছে। এই প্রকল্পে কর্মহীন স্নাতক যুবক-যুবতীরা মাসে ৩ হাজার টাকা এবং কর্মহীন অথচ স্নাতক নন এমন আবেদনকারীরা মাসে ২ হাজার টাকা করে আর্থিক সহায়তা পাবেন। আগে যুবশ্রী এবং যুবসাথী প্রকল্পে মাসিক দেড় হাজার টাকা করে ভাতা দেওয়া হতো। নতুন প্রকল্পে সেই আর্থিক সহায়তার পরিমাণ দ্বিগুণ করা হয়েছে বলে জানা গিয়েছে।

যুবশ্রী প্রকল্প ২০১৩ সালে কর্মহীন যুবক-যুবতীদের আর্থিক সহায়তা দেওয়ার উদ্দেশ্যে চালু হয়েছিল। পরবর্তীকালে যুবসাথী প্রকল্পও চালু করা হয়। নতুন সরকার ক্ষমতায় আসার আগে নির্বাচনী প্রতিশ্রুতিতে এই দুই প্রকল্পের সুবিধা আরও বাড়ানোর আশ্বাস দেওয়া হয়েছিল। সেই প্রতিশ্রুতি অনুযায়ী এখন যুবশক্তি প্রকল্প বাস্তবায়নের কাজ এগোচ্ছে বলে প্রশাসনিক মহলের দাবি।

সূত্রের খবর, শুধু অনলাইনে আবেদন করলেই প্রকল্পের সুবিধা পাওয়া যাবে না। আবেদনকারীদের বয়স, শিক্ষাগত যোগ্যতা, কর্মসংস্থানের বর্তমান অবস্থা এবং অন্যান্য প্রয়োজনীয় নথি খুঁটিয়ে যাচাই করা হবে। প্রয়োজনে আধিকারিকেরা বাড়ি বাড়ি গিয়ে সমীক্ষাও চালাবেন। যাচাইয়ের পর চূড়ান্ত উপভোক্তা তালিকা প্রকাশ করে সরাসরি ব্যাঙ্ক অ্যাকাউন্টে অর্থ পাঠানো হবে।

যুবকল্যাণ দপ্তরই এই প্রকল্পের সম্পূর্ণ দায়িত্বে থাকবে। যুবকল্যাণমন্ত্রী ইন্দ্রনীল খাঁ জানিয়েছেন, কর্মসংস্থান না হওয়া পর্যন্ত যোগ্য বেকার যুবক-যুবতীদের পাশে থাকবে রাজ্য সরকার। তাঁর কথায়, কর্মহীন স্নাতকদের মাসে ৩ হাজার টাকা এবং স্নাতক নন এমন কর্মহীনদের ২ হাজার টাকা করে দেওয়া হবে। প্রকল্পের সুবিধা পেতে আবেদনকারীর বয়স ২১ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে।

প্রশাসনিক মহলের আশা, পোর্টাল চালু হওয়ার পর দ্রুত আবেদন প্রক্রিয়া সম্পন্ন করে যোগ্য উপভোক্তাদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে সরাসরি টাকা পাঠানো শুরু করা হবে। ফলে দুর্গাপুজোর আগেই বহু শিক্ষিত বেকার যুবক-যুবতী এই প্রকল্পের সুবিধা পেতে পারেন বলে আলোচনা শুরু হয়েছে।

# মিঠুনের অস্ত্রোপচার, হাসপাতালে দেখতে গেলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু

**নিজস্ব প্রতিনিধি—** প্রবীণ অভিনেতা তথা বিজেপির কেন্দ্রীয় কমিটির সদস্য মিঠুন চক্রবর্তীর শারীরিক অসুস্থতার খবর সামনে আসতেই উদ্বেগ ছড়িয়েছে অনুরাগী এবং রাজনৈতিক মহলে। বৃহস্পতিবার রাতে কলকাতার ইএম বাইপাস সংলগ্ন একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয় তাঁকে। হাসপাতাল সূত্রে জানা গিয়েছে, তাঁর হাতে সফল অস্ত্রোপচার হয়েছে। বর্তমানে তাঁর শারীরিক অবস্থা স্থিতিশীল এবং সারাক্ষণ চিকিৎসকদের পর্যবেক্ষণে আছেন।




শুক্রবার অভিনেতার শারীরিক অবস্থার খোঁজ নিতে হাসপাতালে যান মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। তাঁর সঙ্গে ছিলেন যাদবপুরের বিধায়ক শর্বরী মুখোপাধ্যায়-সহ বিজেপির একাধিক নেতা। হাসপাতালের চিকিৎসকদের সঙ্গে কথা বলে মিঠুন চক্রবর্তীর স্বাস্থ্য সম্পর্কে খোঁজ নেন মুখ্যমন্ত্রী। পরে সাংবাদিকদের জানান, অভিনেতা ভালো আছেন এবং অস্ত্রোপচার সফল হয়েছে। শুক্রবার বিকেলেই তাঁকে হাসপাতাল থেকে ছুটি দেওয়া হতে পারে।

হাসপাতাল সূত্রের খবর, প্রায় দু'বছর আগে হাতে চোট পাওয়ার পর মিঠুন চক্রবর্তীর ডান হাতে একটি প্লেট বসানো হয়েছিল। এবার সেই প্লেট অস্ত্রোপচারের মাধ্যমে অপসারণ করা হয়েছে। অস্ত্রোপচার সফল হয়েছে এবং তিনি দ্রুত সুস্থ হয়ে উঠছেন।

২০২৬ সালের বিধানসভা নির্বাচনে বিজেপির হয়ে প্রচার করেছিলেন মিঠুন চক্রবর্তী। শারীরিক অসুস্থতা ও বয়সজনিত সমস্যার মধ্যেও তিনি রাজ্যের বিভিন্ন জেলায় সভা ও রোড শো করে প্রচারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। সেই কারণে তাঁর অসুস্থতার খবর প্রকাশ্যে আসতেই বিজেপি কর্মী-সমর্থকদের মধ্যেও উদ্বেগ তৈরি হয়। হাসপাতাল থেকে বেরিয়ে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সমাজমাধ্যমেও মিঠুন চক্রবর্তীর সঙ্গে সাক্ষাতের কয়েকটি ছবি ভাগ করে নেন। সেই বার্তায় তিনি লেখেন, 'বিশিষ্ট চলচ্চিত্র অভিনেতা এবং বিজেপির কেন্দ্রীয় সমিতির অন্যতম সদস্য সম্মানীয় মিঠুন চক্রবর্তী বর্তমানে কলকাতার একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন। তাঁর সঙ্গে কথা বলেছি এবং শারীরিক অবস্থার খোঁজ নিয়েছি। করুণাময় ঈশ্বরের কাছে তাঁর দ্রুত আরোগ্য কামনা করছি।'

# শব্দদূষণ রোধে আদালতের নির্দেশকে হাতিয়ার করেই এগোচ্ছেন নওশাদরা

ষষ্ঠী চট্টোপাধ্যায়



রাজ্যের একাধিক জেলায় মসজিদ থেকে লাউডস্পিকার খুলে ফেলার ঘটনাকে কেন্দ্র করে রাজনৈতিক ও আইনি বিতর্ক তীব্র হয়েছে। প্রশাসনের দাবি, শব্দদূষণ রোধে আদালতের নির্দেশ এবং রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের বিধি কার্যকর করতেই এই পদক্ষেপ নেওয়া হচ্ছে। অন্যদিকে, আইএসএফ এবং পশ্চিমবঙ্গ রাজ্য জমিয়তে উলামায়ে হিন্দ অভিযোগ করেছে, আদালতের নির্দেশের ভুল ব্যাখ্যা করে পুলিশ অযথা লাউডস্পিকার খুলে দিচ্ছে। এই ঘটনাকে ঘিরে রাজনৈতিক প্রতিক্রিয়াও সামনে এসেছে।

বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য বলেন, 'মসজিদে নামাজ পড়ুন, মন্দিরে মন্ত্রপাঠ করুন, মাইক বাজানোর কী দরকার? বাড়িতে ধর্ম করুন।' তাঁর এই মন্তব্য প্রকাশ্যে আসার পর বিতর্ক আরও তীব্র হয়েছে। অন্যদিকে, আইএসএফ বিধায়ক নওশাদ সিদ্দিকী এবং পশ্চিমবঙ্গ রাজ্য জমিয়তে উলামায়ে হিন্দের সভাপতি সিদ্দিকুল্লা চৌধুরী দাবি করেছেন, ১৯৯৬ সালে কলকাতা হাইকোর্টের দেওয়া রায়ে কোথাও উপাসনালয় থেকে লাউডস্পিকার খুলে ফেলার নির্দেশ দেওয়া হয়নি। তাঁদের বক্তব্য, আদালত কেবল নির্ধারিত শব্দসীমা মেনে লাউডস্পিকার ব্যবহারের কথা বলেছিল। প্রয়োজন হলে তাঁরা আইনি পথেও হাঁটবেন বলে জানিয়েছেন।

আইন বিশেষজ্ঞদের একাংশ অবশ্য ভিন্ন মত প্রকাশ করেছেন। তাঁদের বক্তব্য, আদালতের নির্দেশ কোনও নির্দিষ্ট ধর্মীয় প্রতিষ্ঠানের জন্য নয়। মন্দির, মসজিদ, গির্জা, গুরুদ্বার-সহ সব ধরনের উপাসনালয়, পাশাপাশি সামাজিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক অনুষ্ঠানেও একই আইন প্রযোজ্য। তাঁদের মতে, ১৯৯৬ সালে কলকাতা হাইকোর্টের তৎকালীন বিচারপতি ভগবতী প্রসাদ বন্দ্যোপাধ্যায়ের ঐতিহাসিক রায়ে বিভিন্ন এলাকার জন্য নির্দিষ্ট শব্দসীমা বেঁধে দেওয়া হয়েছিল। রায় অনুযায়ী, সকাল ৬টা থেকে রাত ১০টা এবং রাত ১০টা থেকে সকাল ৬টা পর্যন্ত শিল্পাঞ্চলে যথাক্রমে ৭৫ ও ৭০ ডেসিবেল, বাণিজ্যিক এলাকায় ৬৫ ও ৫৫ ডেসিবেল এবং আবাসিক এলাকায় ৫৫ ও ৪৫ ডেসিবেলের বেশি শব্দ করা যাবে না। ওই রায়ে শিল্পাঞ্চল, বাণিজ্যিক এলাকা, আবাসিক এলাকা এবং 'সাইলেন্স জোন'-এর জন্য আলাদা শব্দসীমা নির্ধারণ করা হয়। পাশাপাশি হাসপাতাল, শিক্ষাপ্রতিষ্ঠান ও আদালত সংলগ্ন 'সাইলেন্স জোন'-এ দিনের বেলায় সর্বোচ্চ ৫০ এবং রাতে ৪০ ডেসিবেলের বেশি শব্দের অনুমতি নেই। জনস্বার্থে শব্দদূষণ নিয়ন্ত্রণে এই নির্দেশিকা গুরুত্বপূর্ণ বলে আদালত উল্লেখ করেছিল।

পরবর্তীকালে ২০০৫ সালে সুপ্রিম কোর্টও শব্দদূষণ সংক্রান্ত নীতিকে আরও কঠোরভাবে কার্যকর করার নির্দেশ দেয়। সর্বোচ্চ আদালত জানায়, রাত ১০টা থেকে সকাল ৬টা পর্যন্ত খোলা জায়গায় লাউডস্পিকার বা উচ্চ শব্দের যন্ত্র ব্যবহার করা যাবে না, আইনসম্মত বিশেষ অনুমতি ছাড়া। একই সঙ্গে কেন্দ্রীয় দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের নির্ধারিত শব্দসীমা কঠোরভাবে মেনে চলার নির্দেশ দেওয়া হয়। সুপ্রিম কোর্ট তার রায়ে কলকাতা হাইকোর্টের ১৯৯৬ সালের সিদ্ধান্তকে জনস্বার্থে গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে উল্লেখ করে প্রশাসনকে শব্দদূষণ রোধে সক্রিয় ভূমিকা নেওয়ার কথাও জানায়।

এই পরিস্থিতিতে আইন বিশেষজ্ঞদের মত, ধর্মীয় অনুষ্ঠান, উৎসব, রাজনৈতিক সভা কিংবা সামাজিক কর্মসূচি— সব ক্ষেত্রেই আদালত নির্ধারিত সময়সীমা ও ডেসিবেলসীমা মেনে চলা বাধ্যতামূলক। ফলে বর্তমান বিতর্কের কেন্দ্রবিন্দুতে রয়েছে আদালতের নির্দেশের বাস্তব প্রয়োগ এবং প্রশাসনের পদক্ষেপের ব্যাখ্যা। আগামী দিনে বিষয়টি আদালত বা প্রশাসনিক স্তরে নতুন করে আলোচনার বিষয় হয়ে উঠতে পারে।

# বন্ধ থাকবে শহরের একাধিক রাস্তা বিকল্প রুট জানাল কলকাতা পুলিশ


**নিজস্ব প্রতিনিধি—** সপ্তাহের শুরু সোমবার দিন মহানগরীর একাধিক রাস্তা বন্ধ থাকবে। আর তার জন্য যানবাহনকে বিকল্প পথে যাতায়াত করতে হবে। না হলে তীব্র যানজটে পড়ে যেতে পারেন নিত্যযাত্রীরা। কারণ হর ঘর তিরঙ্গা কর্মসূচিতে প্রথমবার সামিল হতে চলেছে পশ্চিমবঙ্গ। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ঘোষণা করেছেন, আগামী ১০ আগস্ট তিরঙ্গা যাত্রা উপলক্ষ্যে বড় মিছিলের আয়োজন করা হয়েছে।

ধর্মতলার নেতাজি মূর্তির পাদদেশ থেকে মিছিল হবে। এই মিছিলের জেরে যে যানজট হবে তা অনেকেই এখন থেকে মনে করতে শুরু করেছেন। এই কারণে কলকাতা ট্রাফিক পুলিশ শুক্রবার একটি নির্দেশিকা জারি করেছে।

এই মিছিল প্রায় ৫০ হাজার লোক নিয়ে হবে বলে জানিয়েছেন মুখ্যমন্ত্রী। তার ফলে সোমবার একাধিক রাস্তায় যান চলাচল নিয়ন্ত্রণে করা হবে। রেড রোড, খিদিরপুর রোডের মতো গুরুত্বপূর্ণ রাস্তাগুলি বন্ধ থাকবে। কর্মব্যস্ত দিনে এই রাস্তাগুলিও ব্যস্ত থাকে। এই রাস্তাগুলি দিয়ে হাজার হাজার গাড়ি যাতায়াত করে থাকে। তাই কলকাতা ট্রাফিক পুলিশের পক্ষ থেকে একটি নির্দেশিকা জারি করা হয়েছে। আগামী ১০ আগস্ট সপ্তাহের শুরুতেই একাধিক রাস্তায় যান চলাচল বন্ধ থাকলে সমস্যায় পড়বেন অফিসযাত্রীরা। নাকাল হতে হবে নিত্যযাত্রীরা। তাই ওইদিন রাস্তায় বেরনোর আগে জেনে নিতে হবে কোন কোন রাস্তা বন্ধ থাকতে পারে।

আবার রাস্তা বন্ধ থাকলে বিকল্প কোন রুটে গন্তব্যে পৌঁছনো সম্ভব সেটাও জেনে নিতে হবে। কলকাতা ট্রাফিক পুলিশ সূত্রে খবর, ময়দান যাওয়ার রাস্তা কিংসওয়ে, আর আর অ্যাভিনিউ, প্লাসি গেট রোড, মেয়ো রোড, জওহরলাল নেহরু রোড, ক্যাথিড্রাল রোড, কুইন্সওয়ে, রেড রোড, খিদিরপুর রোড, লাভার্স লেন, ক্যাসুয়ারিনা অ্যাভিনিউ বন্ধ থাকবে ১০ আগস্ট। আর পার্কিং করা যাবে না-কিংসওয়ে, অকল্যান্ড রোড, স্ট্র্যান্ড রোডের একাংশ, আর আর অ্যাভিনিউ, প্লাসি গেট রোড, মেয়ো রোড, জওহরলাল নেহরু রোড, ক্যাথিড্রাল রোড, কুইন্সওয়ে, ডাফরিন রোড, ক্যাসুয়ারিনা অ্যাভিনিউ রাস্তায় পার্কিং নিষিদ্ধ।

তাছাড়া কলকাতা পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে, পরিস্থিতি অনুযায়ী মূল রাস্তা এবং সংযোগকারী রাস্তায় যান ঘুরিয়ে দেওয়া হতে পারে। তবে এলপিজি সিলিন্ডার, সিএনজি, পেট্রোল, তেল, অক্সিজেন, সবজি, ওষুধ, ফল, মাছ এবং দুধ বহনকারী যানবাহন এই নিষেধাজ্ঞার বাইরে থাকবে। পণ্যবাহী গাড়ির ক্ষেত্রেও রয়েছে নির্দেশিকা। যে রাস্তাগুলিতে পণ্যবাহী যানবাহন সেদিন চলবে না সেগুলি হলো-দ্বিতীয় হুগলি সেতু, এজেসি বোস রোড, লেনিন সরণি/মৌলালি মোড় থেকে হেস্টিংস পর্যন্ত। আবার সেন্ট জর্জেস গেট রোড, স্ট্র্যান্ড রোড, সিআর অ্যাভিনিউ, জওহরলাল নেহরু রোড এবং রাসবিহারী অ্যাভিনিউ থেকে এক্সাইড মোড় পর্যন্ত বন্ধ থাকবে পণ্যবাহী যান চলাচল।




# চাকরির প্রলোভন দেখিয়ে বাংলাদেশে পাচার

**নিজস্ব প্রতিনিধি—** তামিলনাড়ুতে বেশি বেতনের চাকরির প্রলোভন দেখিয়ে এক যুবতীকে বাংলাদেশে পাচারের অভিযোগ উঠেছে। অভিযোগ, সেখানে তাঁকে আটকে রেখে শারীরিক ও মানসিক নির্যাতন চালানো হয়। পরে কোনোমতে পালিয়ে গিয়ে বাংলাদেশের গোপালগঞ্জের একটি হাসপাতালে ভর্তি হন তিনি। সেখান থেকেই ভাইকে ফোন করার পর ঘটনাটি প্রকাশ্যে আসে। যুবতীর ভাই উত্তর কলকাতার শ্যামপুকুর থানায় অপহরণ ও মানবপাচারের অভিযোগ দায়ের করেছেন। সেই মামলার তদন্তভার নিয়েছে কলকাতা পুলিশের গোয়েন্দা বিভাগ।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, অভিযোগকারীর বাড়ি উত্তর ২৪ পরগনার সন্দেশখালিতে। বর্তমানে তিনি কলকাতার গালিফ স্ট্রিটে থাকেন। তাঁর দিদির বিয়ে হয়েছিল সন্দেশখালিতেই। কয়েক বছর আগে শ্বশুরবাড়ি ছেড়ে তিনি গালিফ স্ট্রিটে চলে আসেন এবং কাজের খোঁজ শুরু করেন। সেই সময় ফেসবুকে এক ব্যক্তির সঙ্গে তাঁর পরিচয় হয়। ওই ব্যক্তি তামিলনাড়ুতে চাকরির প্রতিশ্রুতি দেন। সেই বিশ্বাসে গত ১ জুলাই বাড়ি থেকে বেরিয়ে যান যুবতী। এরপর তাঁর সঙ্গে পরিবারের যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়।

গত ১৮ জুলাই বাংলাদেশের লামিয়া আখতার নামে এক মহিলার মোবাইল থেকে যুবতীর ভাইয়ের কাছে ফোন আসে। প্রায় ৩ মিনিট ৫৩ সেকেন্ডের কথোপকথনে যুবতী জানান, তাঁকে তামিলনাড়ুর বদলে চোরাপথে বাংলাদেশে নিয়ে যাওয়া হয়েছে এবং সেখানে তাঁর উপর অত্যাচার চালানো হয়েছে।

**তদন্তে কলকাতা পুলিশের গোয়েন্দা বিভাগ**

পরে তিনি পালিয়ে গোপালগঞ্জের একটি হাসপাতালে আশ্রয় নেন। এরপর থেকে ওই নম্বরে আর যোগাযোগ করা সম্ভব হয়নি। প্রথমে সন্দেশখালি থানায় নিখোঁজ ডায়েরি করা হলেও পরে শ্যামপুকুর থানায় অপহরণ ও মানবপাচারের মামলা দায়ের হয়।

কলকাতা পুলিশের অতিরিক্ত পুলিশ কমিশনার (অপরাধ দমন) কুণাল আগারওয়াল জানিয়েছেন, মামলার তদন্ত করছে গোয়েন্দা বিভাগ। যে নম্বর থেকে ফোন করা হয়েছিল, সেটি ট্র্যাক করা হচ্ছে। বিদেশ মন্ত্রকের মাধ্যমে বাংলাদেশ পুলিশের সঙ্গে যোগাযোগ করা হয়েছে। গোপালগঞ্জের হাসপাতালেও যুবতীর খোঁজ নেওয়া হচ্ছে। পাশাপাশি তামিলনাড়ু পুলিশের সঙ্গেও যোগাযোগ করা হয়েছে। ফেসবুক অ্যাকাউন্ট, মোবাইল নম্বর এবং অন্যান্য ডিজিটাল সূত্র ধরে অভিযুক্ত ও মানবপাচার চক্রের সন্ধান চালানো হচ্ছে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, গত তিন বছরে এ ধরনের এটি প্রথম ঘটনা।

# লরির ধাক্কায় তিন শ্রমিকের মৃত্যু

**নিজস্ব সংবাদদাতা, উত্তর দিনাজপুর, ৭ আগস্ট—** উত্তর দিনাজপুরের ইটাহারে ভয়াবহ পথ দুর্ঘটনায় তিন জন দিনমজুরের মৃত্যু হয়েছে। শুক্রবার সকালে বালিয়াপাড়া সংলগ্ন জাতীয় সড়কে এই দুর্ঘটনায় আরও ৮ জন শ্রমিক আহত হন। পুলিশ জানিয়েছে, মৃতদের নাম তপো মার্ডি (৩৭), অলোকা বর্মণ (৪৬) এবং ছেপো বর্মণ (৪৫)।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, রায়গঞ্জের দুর্গাপুর কমলাই এলাকা থেকে কয়েক জন শ্রমিক লরিতে কর্মস্থলে যাচ্ছিলেন। বালিয়াপাড়া জাতীয় সড়কে পৌঁছে তাঁরা লরি থেকে নামার সময় পিছন দিক থেকে আসা মালদাগামী একটি লরি নিয়ন্ত্রণ হারিয়ে সজোরে ধাক্কা মারলে শ্রমিকরা রাস্তার উপর ছিটকে পড়েন। ঘটনাস্থলেই এক শ্রমিকের মৃত্যু হয়। স্থানীয় বাসিন্দারা আহতদের উদ্ধার করে ইটাহার গ্রামীণ হাসপাতাল এবং রায়গঞ্জ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে নিয়ে যান। সেখানে চিকিৎসকেরা আরও দু'জনকে মৃত ঘোষণা করেন।

# এবার সারান্ডা মডেলে মাও দমনের পথে রাজ্য

ভজন গঙ্গোপাধ্যায়

ঝাড়খণ্ডের সারান্ডা মডেল অনুসরণ করে পশ্চিমবঙ্গেও মাওবাদী দমন অভিযানে নেমেছে পুলিশ। ঝাড়খণ্ডে একের পর এক সাফল্যের পর এবার ঝাড়খণ্ড-সংলগ্ন পুরুলিয়ার বান্দোয়ান এলাকায় মাও নেতা আকাশ ও তাঁর স্কোয়াডকে ধরতে চিরুনি অভিযান শুরু করেছে পশ্চিমবঙ্গ ও ঝাড়খণ্ড পুলিশ, সঙ্গে রয়েছে যৌথ বাহিনী।

বৃহস্পতিবার সন্ধ্যা থেকেই শুরু হওয়া এই অভিযানের আগে দুই রাজ্যের শীর্ষ পুলিশ আধিকারিকদের একটি গুরুত্বপূর্ণ বৈঠক হয়। বৈঠকে উপস্থিত ছিলেন ঝাড়খণ্ডের কোলহান রেঞ্জের ডিআইজি অনুরঞ্জন তিসপট্টা, ওড়িশার ডিআইজি রাজেশ কুমার রাই এবং বাঁকুড়া রেঞ্জের ডিআইজি অভিষেক মোদী। বৈঠকে কেন্দ্র সরকারের নীতি অনুসারে ঝাড়খণ্ড ও ওড়িশার মতো পশ্চিমবঙ্গ থেকেও মাওবাদীদের সম্পূর্ণ নির্মূল করার সিদ্ধান্ত নেওয়া হয়।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, মাও সদস্য মিহির বেসরা গ্রেপ্তারের পর তদন্তে উঠে আসে, ঝাড়খণ্ডের পশ্চিম সিংভূম অঞ্চলে ঘাঁটি গেড়েছে মাও নেতা আকাশ ও তাঁর স্কোয়াড। পলিটব্যুরো সদস্য মিহির বেসরা ও অসীম মণ্ডল প্রায় ৫০ জন ফাইটার নিয়ে জঙ্গলে অবস্থান করছিলেন।



পরে আকাশ ওরফে তিমির ওরফে মনোজ-সহ ১০-১২ জনের একটি দল দলমা পাহাড় সংলগ্ন এলাকায় ঘাঁটি গাড়ে। এই তথ্য পাওয়ার পর পুলিশ ও যৌথ বাহিনী গোটা এলাকা ঘিরে ফেলে। পুলিশের সাঁড়াশি অভিযান টের পেয়ে মাওবাদীরা ঝাড়খণ্ড সীমান্তে আত্মগোপন করে। এরপরেই শারান্ডা মডেলে অভিযান শুরু হয়।

সারান্ডা মডেল মূলত ২০১১ সালে ঝাড়খণ্ডের মাওবাদী অধ্যুষিত শারান্ডা জঙ্গল এলাকায় চালু হওয়া 'শারান্ডা অ্যাকশন প্ল্যান'। এই পরিকল্পনার মূল লক্ষ্য নিরাপত্তা ও উন্নয়নকে একসঙ্গে এগিয়ে নিয়ে যাওয়া। নিরাপত্তা বাহিনীর মাধ্যমে মাওবাদী দমন করার পর দ্রুত ওই এলাকায় প্রশাসনিক পরিষেবা, রাস্তা, বিদ্যুৎ, স্বাস্থ্য ও অন্যান্য মৌলিক সুযোগ-সুবিধা পৌঁছে দেওয়া হয়। পরে দেশের অন্যান্য মাওপ্রবণ এলাকাতেও এই মডেল অনুসরণের উদ্যোগ নেওয়া হয়।

বর্তমান অভিযানে পুরুলিয়ার পুলিশ সুপার, যৌথ বিশেষ প্রশিক্ষণ-প্রাপ্ত আধিকারিক, বম্ব স্কোয়াড, বিস্ফোরক ও শব্দ বিশেষজ্ঞ, ল্যান্ড মাইন ডিটেক্টর দল এবং অত্যাধুনিক অস্ত্রসজ্জিত বাহিনী অংশ নিয়েছে। বান্দোয়ান সংলগ্ন গ্রাম, পাহাড় ও জঙ্গল এলাকায় বৃহস্পতিবার সন্ধ্যা থেকে টানা অভিযান চলছে। প্রতি ১২ ঘণ্টা অন্তর বাহিনীর সদস্যের বদল করা হচ্ছে। মাও নেতা আকাশ ও তাঁর সহযোগীদের খুঁজতে জোরদার তল্লাশি অব্যাহত রয়েছে।

# ১৫ বছর পর স্বাধীনতা দিবসে ফিরছে মুখ্যমন্ত্রীর বেতার ভাষণ

**নিজস্ব প্রতিনিধি—** দীর্ঘ ১৫ বছরের অপেক্ষার অবসান। স্বাধীনতা দিবসকে ঘিরে পশ্চিমবঙ্গে ফিরছে এক হারানো প্রশাসনিক ঐতিহ্য। স্বাধীনতা দিবসের প্রাক্কালে অল ইন্ডিয়া রেডিওর মাধ্যমে রাজ্যবাসীর উদ্দেশে ভাষণ দেবেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। বাম আমলে যা ছিল স্বাধীনতা দিবস উদযাপনের অন্যতম গুরুত্বপূর্ণ অনুষঙ্গ, গত দেড় দশক ধরে তা কার্যত বন্ধই ছিল।

প্রথা অনুযায়ী, রাষ্ট্রপতির ভাষণের পর দেশের বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রীরা আকাশবাণীর মাধ্যমে নাগরিকদের উদ্দেশে বার্তা দেন। কিন্তু মমতা বন্দ্যোপাধ্যায়ের ১৫ বছরের শাসনকালে বাংলায় সেই রেওয়াজ আর দেখা যায়নি। ক্ষমতার পালাবদলের পর এবার সেই ঐতিহ্য পুনরুজ্জীবনের সিদ্ধান্ত নিল বর্তমান বিজেপি সরকার। মুখ্যমন্ত্রী নিজেই বেতার ভাষণের বিষয়টি নিশ্চিত করেছেন। যদিও সম্প্রচারের নির্দিষ্ট সময় এখনও জানানো হয়নি।

নতুন সরকার ক্ষমতায় আসার পর থেকেই বাংলার ঐতিহ্য ও প্রশাসনিক সংস্কৃতি পুনঃপ্রতিষ্ঠার কথা বারবার তুলে ধরেছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। তাঁর কথায়, উন্নয়নের পাশাপাশি বাংলার ঐতিহ্য রক্ষাও সরকারের অগ্রাধিকার। রাজনৈতিক মহলের মতে, স্বাধীনতা দিবসের প্রাক্কালে আকাশবাণীতে মুখ্যমন্ত্রীর ভাষণের প্রত্যাবর্তন সেই প্রতিশ্রুতিরই প্রতীকী বাস্তবায়ন।

অন্যদিকে, পূর্বতন তৃণমূল সরকারের শুরু করা রেড রোডের স্বাধীনতা দিবসের কুচকাওয়াজও বহাল রাখছে বর্তমান সরকার। প্রশাসনিক সূত্রের খবর, চলতি বছরে রেড রোডে স্বাধীনতা দিবসের কুচকাওয়াজে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী। ফলে একদিকে আকাশবাণীর বেতার বার্তা, অন্যদিকে রেড রোডের কুচকাওয়াজ, পুরনো ঐতিহ্য ও নতুন ধারার যুগলবন্দিতে এ বারের স্বাধীনতা দিবস পাচ্ছে এক বিশেষ তাৎপর্য।

SENCO GOLD & DIAMONDS
ESTD 1938

**সেনকো গোল্ড লিমিটেড**
CIN: L36911WB1994PLC064637
রেজিস্টার্ড ও কর্পোরেট অফিস ঃ "ডায়মন্ড প্রেস্টিজ" ৪১এ, এ.জে.সি. বোস রোড
একাদশ তল, কলকাতা-৭০০ ০১৭
ফোন ঃ ০৩৩ ৪০২১ ৫০০০/৫০০৪, ই-মেল ঃ corporate@sencogold.co.in
ওয়েবসাইট ঃ www.sencogold.com

## ৩২তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

**বিজ্ঞপ্তি** মারফত এতদ্বারা জানানো হচ্ছে যে **সেনকো গোল্ড লিমিটেড ('দ্য কোম্পানি')**-এর সদস্যদের **৩২তম বার্ষিক সাধারণ সভা ('এজিএম') সোমবার, ৩১শে আগস্ট, ২০২৬ তারিখে বেলা ১১.৩০ মিনিটে (প্র.ভা.স.)** জি.ডি. বিড়লা সভাগার, ২৯ আশুতোষ চৌধুরী অ্যাভিনিউ, কলকাতা-৭০০০১৯ ঠিকানায় অনুষ্ঠিত হবে। উক্ত সভায় এজিএম আহ্বানকারী বিজ্ঞপ্তিতে উল্লিখিতমতো ব্যবসায়িক কার্যাবলী সম্পাদন করা হবে।

বার্ষিক প্রতিবেদন (অ্যানুয়াল রিপোর্ট), অ্যাটেন্ড্যান্স স্লিপ এবং প্রক্সি ফর্ম আর্থিক বছর ২০২৫-২৬-এর জন্য এজিএম-এর বিজ্ঞপ্তি সহ, ৭ই আগস্ট, ২০২৬ তারিখে সদস্যদের কাছে ইলেক্ট্রনিক মোডে পাঠানো হয়েছে, যাঁদের ইমেল আইডি, কোম্পানির রেজিস্ট্রার ও শেয়ার ট্রান্সফার এজেন্ট (**"আরটিএ"**) / ডিপোজিটরি পার্টিসিপ্যান্ট(সমূহ) (**"ডিপি"**)-এর কাছে নথিভুক্ত আছে। পুনরায়, সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিক্যোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ (**"সেবি লিস্টিং রেগুলেশনস"**)-এর রেগুলেশন ৩৬(১)(বি) অনুসারে, ২০২৫-২৬ আর্থিক বছরের অ্যানুয়াল রিপোর্ট অ্যাক্সেস করতে প্রয়োজনীয় ওয়েব-লিঙ্ক উল্লেখ করা একটি চিঠি, সেই সকল শেয়ারহোল্ডারদের কাছে পাঠানো হচ্ছে যাঁদের ইমেল অ্যাড্রেস কোম্পানির আরটিএ/ডিপি-এর কাছে নথিভুক্ত নেই।

উপরোক্ত সকল নথিপত্র কোম্পানির ওয়েবসাইট **www.sencogold.com**, স্টক এক্সচেঞ্জসমূহ যথা বিএসই লিমিটেড (**'বিএসই'**)-এর ওয়েবসাইট **www.bseindia.com**, ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড (**'এনএসই'**)-এর ওয়েবসাইট **www.nseindia.com** এবং সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড (**'সিডিএসএল'**)-এর ওয়েবসাইট **www.evotingindia.com**তে পাওয়া যাবে।

কোম্পানি **৩১শে মার্চ, ২০২৬** তারিখে সমাপ্ত আর্থিক বছরের জন্য সদস্যদের ডিভিডেন্ড প্রদানের উদ্দেশ্যে সদস্যদের যোগ্যতা নির্ধারণের জন্য **রেকর্ড ডেট** হিসেবে **সোমবার, ২৪শে আগস্ট, ২০২৬** ধার্য করেছেন।

কোম্পানি আইন, ২০১৩-এর ধারা ১০৮-এ প্রদত্ত সংস্থান তৎসহ পঠিত কোম্পানিস (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস, ২০১৪-এর রুল ২০ অনুসারে এবং সেবি লিস্টিং রেগুলেশনস-এর রেগুলেশন ৪৪ এবং ইনস্টিটিউট অফ কোম্পানি সেক্রেটারিস অফ ইন্ডিয়া দ্বারা জারি করা সেক্রেটারিয়াল স্ট্যান্ডার্ডস অন জেনারেল মিটিং (এসএস-২) অনুযায়ী, কোম্পানি, এজিএম-এর বিজ্ঞপ্তিতে উল্লিখিতমতো কোনও একটি বা সকল কার্যাবলী সম্পাদনে ইলেক্ট্রনিক উপায়ে সদস্যদের ভোটাধিকার নির্ধারণ করতে কাট-অফ ডেট অর্থাৎ **সোমবার, ২৪শে আগস্ট, ২০২৬ তারিখে** শেয়ার ধারণ করছেন এরূপ সদস্যদের জন্য ই-ভোটিংয়ের সুবিধার ব্যবস্থা করছেন। কোম্পানি রিমোট ই-ভোটিংয়ের সুবিধার জন্য সিডিএসএল-এর ব্যবস্থা কাজে লাগিয়েছেন।

অতিরিক্তভাবে, এজিএম-এ ব্যালট পেপারের মাধ্যমে ভোটদানের সুবিধাও পাওয়া যাবে এবং সভায় ব্যক্তিগতভাবে হাজির হওয়া সদস্যরা, যাঁরা পূর্বে ই-ভোটিং দ্বারা তাঁদের ভোট দেননি, তাঁরাও সভায় তাঁদের ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন।

একজন ব্যক্তি, যাঁর নাম, কাট-অফ ডেট অর্থাৎ **সোমবার, ২৪শে আগস্ট, ২০২৬** তারিখে সদস্যদের রেজিস্টারে/বেনিফিসিয়াল ওনারদের রেজিস্টারে আছে, কেবলমাত্র তিনি রিমোট ই-ভোটিংয়ের সুবিধা তথা ব্যালট পেপারের মাধ্যমে এজিএম-এ ভোটদানের জন্য যোগ্য বিবেচিত হবেন। কোনও ব্যক্তি, যিনি বিজ্ঞপ্তি পাঠানোর পর কোম্পানির শেয়ার অর্জন করেছেন এবং কোম্পানির একজন সদস্য হিসেবে গণ্য হয়েছেন এবং **কাট-অফ ডেট** অর্থাৎ **সোমবার, ২৪শে আগস্ট, ২০২৬** তারিখে শেয়ার ধারণ করছেন, তিনি helpdesk.evoting@cdslindia.com-এ অনুরোধক্রমে লগইন আইডি এবং পাসওয়ার্ড পেতে পারেন। অবশ্য, সংশ্লিষ্ট সদস্য যদি ইতিমধ্যে রিমোট ই-ভোটিংয়ের জন্য সিডিএসএল-তে রেজিস্টার্ড হয়ে থাকেন, সেক্ষেত্রে সেই সদস্য ভোটদানের জন্য বর্তমান ইউজার আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করতে পারেন।

রিমোট ই-ভোটিংয়ের সময়সীমা শুরু হবে **শুক্রবার, ২৮শে আগস্ট ২০২৬ তারিখে সকাল ৯.০০ মিনিটে (প্র.ভা.স.)** এবং শেষ হবে **রবিবার, ৩০শে আগস্ট, ২০২৬ তারিখে বিকাল ৫.০০ মিনিটে (প্র.ভা.স.)**। এই সময়ের পরে সিডিএসএল দ্বারা ই-ভোটিং মডিউল নিষ্ক্রিয় করে দেওয়া হবে। সদস্য একবার কোনও রেজলিউশনে ভোট দিলে, পরবর্তী সময়ে তিনি আর তা পরিবর্তন করতে পারবেন না। একজন সদস্য ই-ভোটিংয়ে তাঁর ভোটাধিকার প্রয়োগের পর এজিএম-এ হাজির থাকতে পারেন, কিন্তু এজিএম-এ পুনরায় ভোট দিতে পারবেন না।

**রিমোট ই-ভোটিংয়ের বিশদ প্রক্রিয়া এজিএম-এর বিজ্ঞপ্তির 'দ্রষ্টব্য' অংশে উল্লিখিত আছে।**

রিমোট ই-ভোটিংয়ের সুবিধা সম্পর্কিত সকল অভিযোগ যেখানে পাঠাতে হবে ঃ মি. রাকেশ দলবী, অ্যাসিস্ট্যান্ট ভাইস প্রেসিডেন্ট, সিডিএসএল, 'এ' উইং, ২৫তম, ৩৪তম ও ৩৫তম তল, ম্যারাথন ফিউচারেক্স, মফতলাল মিল কম্পাউন্ডস, এন. এম. যোশী মার্গ, লোয়ার প্যারেল (ইস্ট), মুম্বাই-৪০০০১৩ অথবা ইমেল পাঠাতে পারেন এখানে helpdesk.evoting@cdslindia.com বা টোল ফ্রি নম্বর ১৮০০-২১-০৯৯১১-এ কল করতে পারেন।

**সেনকো গোল্ড লিমিটেড-এর তরফে**
**স্বাঃ**
**মুকুন্দ চান্ডক**
**কোম্পানি সেক্রেটারি ও কমপ্লায়েন্স অফিসার**
**আইসিএসআই মেম্বারশিপ নং ঃ A20051**

**তারিখ ঃ ৭ই আগস্ট, ২০২৬**
**স্থান ঃ কলকাতা**